



Sonali Bank Limited
আন্তর্জাতিক বাণিজ্য অর্থায়ন বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

INTERNATIONAL TRADE FINANCE DIVISION
EXPORT FINANCE DEPARTMENT
HEAD OFFICE- DHAKA
35-44, MOTIJHEEL COMMERCIAL AREA
G.P.O. BOX NO.3130
DHAKA-1000, BANGLADESH
PHONE : (88-02) 9571061,7160497
FAX : (88-02) 9561410/9552007
SWIFT : BSONBDDH
E-MAIL : itfdimpexp@gmail.com
Web-site: www.sonalibankbd.com

ইস্টেহার নং-প্রকা/আইটিএফডি/এক্সপোর্ট/১৩৩০
প্রধান কার্যালয় পরিপত্র নং- ৫৮০

তারিখ : ২২-০৪-১৪

জেনারেল ম্যানেজার/
ডেপুটি জেনারেল ম্যানেজার/এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক লিমিটেড
জেনারেল ম্যানেজার'স অফিস/প্রিন্সিপাল অফিস/স্টাফ কলেজ/
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন/
স্থানীয় কার্যালয়/সকল এডি শাখা,
বাংলাদেশ।

বিষয় : ০১। ফরেন ইনওয়ার্ড রেমিটেন্স ও রপ্তানীর বিপরীতে এডভান্স টিটি গ্রাহকের হিসাবে টিটি ক্লিন রেট এ প্রদেয় এবং ০২। ফোর্সড লোন ও পিএডি ঋনহিসাব এর মেয়াদ এবং ফোর্সড লোন, পিএডি ও এফবিএন হিসাবে সুদারোপ প্রসঙ্গে :

উপর্যুক্ত বিষয়ে মাননীয় ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও কর্তৃক দপ্তর প্রতিবেদন যথাক্রমে ০৩-০৪-১৪ ও ১৬-০৪-১৪ তারিখে অনুমোদন এর প্রেক্ষিতে নিম্নোক্ত ইস্টেহার জারী করা হলো যা ০১-০৫-২০১৪ তারিখ হতে কার্যকর হবে।


০১.০০ঃ ফরেন ইনওয়ার্ড রেমিটেন্স ও রপ্তানীর বিপরীতে এডভান্স টিটি গ্রাহকের হিসাবে টিটি ক্লিন রেট এ প্রদেয় প্রসঙ্গে :


- ০১। কন্স্ট্রাক্ট ফরেন ইনওয়ার্ড রেমিটেন্স গ্রাহকের হিসাবে টিটি ক্লিন রেট এ প্রদেয় হবে এবং তা ফ্রি সার্ভিসে (without charge/commission) প্রদান করতে হবে।
- ০২। রপ্তানীকারকদের উৎসাহিত করার লক্ষ্যে রপ্তানীর বিপরীতে অগ্রীম গৃহীত টিটি অর্থাৎ এডভান্স টিটি গ্রাহকের হিসাবে টিটি ক্লিন রেট এ প্রদেয় হবে এবং তা ফ্রি সার্ভিসে (without charge/commission) প্রদান করতে হবে।

০২.০০ঃ ফোর্সড লোন ও পিএডি ঋনহিসাব এর মেয়াদ এবং ফোর্সড লোন, পিএডি ও এফবিএন হিসাবে সুদারোপ প্রসঙ্গে :

- ০১। বিটিবি এলসির বিপরীতে ফোর্সড লোন সৃষ্টির তারিখ হতেই আদায়যোগ্য এবং মেয়াদোত্তীর্ণ হবে।
- ০২। বৈদেশিক ক্যাশ এলসি (সাইট ভিত্তিতে খোলা) এর ক্ষেত্রে পিএডি হিসাবের দায় সৃষ্টির তারিখ হতে আদায়যোগ্য হবে, তবে এর মেয়াদ হবে ৩০ (ত্রিশ) দিন। উক্ত সময়ের পর পিএডি হিসাবের দায় মেয়াদোত্তীর্ণ হবে।
- ০৩। বৈদেশিক ক্যাশ এলসি (ডেফার্ড ভিত্তিতে খোলা) এবং স্থানীয় ক্যাশ এলসি (সাইট বা ডেফার্ড ভিত্তিতে খোলা) এর ক্ষেত্রে পিএডি দায় সৃষ্টির তারিখ হতে আদায়যোগ্য ও মেয়াদোত্তীর্ণ হবে।
- ০৪। ফোর্সড লোন হিসাবে ত্রৈমাসিক ভিত্তিতে সুদারোপ করতে হবে।
- ০৫। পিএডি ঋনহিসাবে কেবলমাত্র হিসাবটি সমন্বয়কালে সুদারোপ করতে হবে।
- ০৬। এফবিএন হিসাবে কেবলমাত্র হিসাবটি সমন্বয়কালে সুদারোপ করতে হবে।

এমতাবস্থায়, উপরোক্ত সার্কুলার মোতাবেক ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


(মেজবাহউদ্দিন আহমেদ)
ডেপুটি জেনারেল ম্যানেজার


(কাজী কামাল হোসেন)
জেনারেল ম্যানেজার